



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্রিয়ালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ



মুজিববর্ষের প্রতিশুভি
আর্থিক খাতের অগ্রগতি

সূত্র নং-৫৩.১৭.০০০০.১৭০.১৯.০০৮.২০.২৮০

তারিখ: ২৬ সেপ্টেম্বর, ২০২১

সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয়: কর্মপরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০১। জাতীয় শুকাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়ের পর্যবেক্ষণ সচিবালয়ের ১৮.০৭.২০২১ তারিখের ৫৩.১৭.০০০০.১৭০.৩২.০০২.২১.২১ (৩১৫) নম্বর পত্রের পরিপ্রেক্ষিতে ব্যাংকের কর্মপরিবেশ উন্নয়নের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

ক) প্রধান কার্যালয়সহ সকল বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও শাখা কার্যালয় নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা;

খ) ডেঙ্গু/চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে এডিস মশার বিস্তার রোধ করা;

গ) কোভিড-১৯ মহামারীর সংক্রমণের বিস্তার রোধে নিয়ন্ত্রিত কার্যক্রম গ্রহণ করা:

১. ব্যাংকের দৃশ্যমান স্থানসমূহে বিশেষ করে প্রবেশ পথের নিকটবর্তী স্থানে 'No Mask, No Entry/No Service' সতর্কীকরণ বার্তাটি প্রদর্শন নিশ্চিত করা;

২. ব্যাংকের কর্মকর্তা-কর্মচারী ও আগত অতিথি, গ্রাহক, সেবাপ্রার্থী ও শুভানুধ্যায়ী ব্যক্তিবর্গের ব্যাংকে প্রবেশের পূর্বেই সাবান/লিকুইড সোপ ও পানি দ্বারা অথবা জীবাণুনাশক স্প্রে দ্বারা হাত জীবাণুমুক্ত করা;

৩. অসুস্থ কোনো কর্মকর্তা কর্মচারী ও আগত কোনো ব্যক্তিকে ব্যাংক ভবনে প্রবেশে নিষেধাজ্ঞা আরোপ ও চিকিৎসার জন্য পরামর্শ প্রদান করা;

৪. ব্যাংক ভবনের সকল কক্ষ, বাথরুম ও বারান্দাসহ সকল স্থান জীবাণুনাশক স্প্রেকরণের মাধ্যমে করোনা ভাইরাসসহ অন্যান্য জীবাণু বিনষ্ট করা;

৫. ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত মাস্ক ব্যবহার ও সামাজিক দূরত্ব বজায় রেখে চলাচল ও দায়িত্ব পালন করা;

৬. সকল কার্যালয়ে ব্যবহৃত আসবাবপত্র জীবাণুনাশক স্প্রে-এর মাধ্যমে করোনা ভাইরাসমুক্ত রাখা;

৭. কোভিড-১৯ এর সংক্রমণ কার্যকরভাবে প্রতিরোধের লক্ষ্যে এ ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে অফিসে যাতায়াত, কর্মসম্পাদন, সভায় যোগদান, ভ্রমণ, এমনকি ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক আচার-আচরণের ক্ষেত্রেও অধিকতর সতর্কতা অবলম্বনসহ সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে পরিপালন করা; এবং

৮. কোভিড-১৯ এর টিকা গ্রহণে সকলকে উদ্বৃদ্ধ করা।

ঘ) কার্যালয় ও শাখার অকেজো মালামাল বিনষ্ট করা।

০৩। উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক ব্যাংকের কর্মপরিবেশ উন্নত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস

 (মোঃ মাহবুব হোসেন)
 উপমহাব্যবস্থাপক

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য-


পূর্ববর্তী পৃষ্ঠা হতে আগত-

সূত্র নং-৫৩.১৭.০০০০.১৭০.৯৯.০০৮.২০-২৮০

তারিখ: ২৬ সেপ্টেম্বর, ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট থেকে সংগ্রহের অনুরোধসহ):

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপমহাব্যবস্থাপক, আইটি বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো) ;
- ০৬। বোর্ড সচিব, পর্যবেক্ষণ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৭। অফিস কপি।


(মোঃ মনজুর রহমান খান)
সহকারী মহাব্যবস্থাপক